

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৫.০৩২.১৪-২৩

তারিখঃ ২৮ মাঘ ১৪২০ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ


প্রজ্ঞাপন

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৭/০৪/২০০৮খ্রি: তারিখের অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৬/২০০৭(অংশ)/৩১ নং স্মারকের অনুরোধে সামরিক/বেসামরিক সরকারি কর্মকর্তাদের ন্যায় সামরিক/বেসামরিক তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণও প্রেষণে কর্মকালীন নিয়োক্ত শর্তে তাদের স্ব-স্ব মূল বেতনের ২০% হারে প্রেষণ ভাতা প্রাপ্য হবেন:

(ক) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নিয়োগবিধি/ প্রবিধানমালা/ প্রকল্পের পিপি/ ডিপিপিতে কর্মচারীদের প্রেষণে নিয়োগের বিধান থাকতে হবে; এবং

(খ) স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) এর ক্ষতিপূরণ ভাতা, প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এর বিশেষ গার্ড ভাতা, রেপিড অ্যাকশন ব্যাটেলিয়ান (RAB) এর র‍্যাভ ভাতা, সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে বিশেষ ভাতা এবং যে সব দপ্তর/সংস্থায় মূল বেতনের শতকরা হারে ঝুঁকি ভাতা/ক্ষতিপূরণ ভাতার প্রচলন আছে তাদের ক্ষেত্রে এ প্রেষণ ভাতা প্রযোজ্য হবে না। অর্থাৎ, ক্ষতিপূরণ ভাতা/বিশেষ গার্ড ভাতা/বিশেষ ভাতা/ র‍্যাভ ভাতা/ ঝুঁকি ভাতা এবং প্রেষণ ভাতা এর যে কোন একটি প্রযোজ্য হবে।

০২। এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে উক্ত ভাতা কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে

(তপন কুমার কর্মকার)
অতিরিক্ত সচিব (প্রবিধি)
ফোনঃ ৯৫৭৬৫৫৪

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৫.০৩২.১৪- ২৩

১০ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। বিভাগীয় কমিশনার (সকল).....।
- ৭। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৮। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৯। জেলা প্রশাসক (সকল).....।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ,লেখ সামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-এ
প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ১১। অর্থ বিভাগের সকল অনুবিভাগ।


(মোঃ শাহজাহান)
উপ-সচিব